

ক) বিষয়- রাষ্ট্রবিজ্ঞান (POLITICAL SCIENCE)

খ) অধ্যায়-আন্তর্জাতিক সম্পর্কের বিবর্তন এবং কয়েকটি মৌলিক ধারণা।

গ) নির্বাচিত প্রশ্ন ও উত্তর।

.....

1) আন্তর্জাতিক সম্পর্ক সর্বপ্রথম পৃথক শাস্ত্র হিসাবে কখন গড়ে ওঠে?

Ans: প্রথম বিশ্বযুদ্ধের পরে 1920 খ্রিষ্টাব্দে জাতিসংঘের প্রতিষ্ঠা, বৃহৎ শক্তি রূপে মার্কিন যুক্তরাষ্ট্রের আত্মপ্রকাশ, রুশ বিপ্লবের ফলশ্রুতি স্বরূপ সোভিয়েত ইউনিয়নের উদ্ভব ইত্যাদি ঘটনা আন্তর্জাতিক সম্পর্কের গুরুত্ব বৃদ্ধি করে। জাতিসংঘ প্রতিষ্ঠার পর থেকে শুরু হয়ে যায় প্রকাশ্য কূটনীতি। আন্তর্জাতিক সম্পর্ক চর্চায় এর প্রভাব ছিল সুদূরপ্রসারী। প্রসঙ্গত উল্লেখ করা যায় বিষয় হিসাবে আন্তর্জাতিক সম্পর্ক চর্চা এ সময় থেকে শুরু হয় এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর আন্তর্জাতিক সম্পর্ক একটি স্বতন্ত্র পাঠ্য বিষয় হিসাবে প্রতিষ্ঠা লাভ করে।

2) দ্বিমেরুক্রমে দুটি বৃহৎ শক্তির রাষ্ট্রের নাম লেখ।

Ans:- দ্বিমেরুক্রমে দুটি বৃহৎ শক্তির রাষ্ট্রের নাম মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়ন।

3) জোট নিরপেক্ষ আন্দোলনের সাথে যুক্ত তিনটি রাষ্ট্রের নাম কর।

Ans:- ভারত, যুগোস্লাভিয়া, ইন্দোনেশিয়া। জোট নিরপেক্ষ আন্দোলন

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বহু দেশ সাধীনতা লাভ করে। এই সাধীনতা প্রাপ্ত দেশ গুলি সোভিয়েত বা মার্কিন কোনো জোট এই যোগ না দিয়ে এক নতুন নিরপেক্ষ জোট গড়ে তুলেছে, যা বিশ্ব রাজনীতিতে জোটনিরপেক্ষ আন্দোলন নামে পরিচিত।

4) একমেরু বিশ্ব বলতে কি বোঝায়

ঠাণ্ডা যুদ্ধ পরবর্তী বিশ্বের ক্ষমতা এবং শক্তি কাঠামো, দিমেরুকরণের অবসান ঘটায় এবং বিশ্ব রাজনীতিতে একমেরু বিশিষ্ট কাঠামো দেখা যায়। নিশ্চিত ভাবে এই এক মেরু হলো মার্কিন যুক্তরাষ্ট্র।

5) বিশ্বায়নের কুফল

a) বিশ্বায়নের ফলে তৃতীয় বিশ্বের দেশগুলোতে বেসরকারিকরণের প্রবণতা বাড়ছে।

b) বিশ্বায়নে দাবি করা হয়েছে যে, বিদেশি পুঁজির বিনিয়োগের ফলে জাতীয় উন্নয়নের হার অনেক বেড়ে যাবে।

c) বিশ্বায়নের ফলে বিশ্বের অনুরূপ ও উন্নয়নশীল দেশগুলোতে বিদেশি পুঁজির বিনিয়োগ বাড়ছে।

d) বিশ্বায়নের প্রভাবকে সমাজ তন্ত্র বাদীরা মেনে নিতে পারেননি, কারণ বিশ্বায়ন প্রমাণ করে যে ধনুতন্ত্রই শেষ কথা।

d) তৃতীয় বিশ্বের দেশগুলোতে অবাধ বাণিজ্যের সুযোগ নিয়ে অর্থনীতি নিয়ন্ত্রণ করছে।

6) ক্ষমতা বলতে কি বোঝায়?

উঃ ক্ষমতা বলতে অন্যকে এমনভাবে নিয়ন্ত্রণ করার সামর্থ্যকে বোঝায়, যার মাধ্যমে নিয়ন্ত্রণকারী তার ইচ্ছামতো কাজ করতে অন্যদের বাধ্য করে।

7) আন্তর্জাতিক ক্ষেত্রে ক্ষমতাকে ক ভাগে ভাগ করা যায় এবং কি কি?

উঃ ই.এইচ.কার এর মতে আন্তর্জাতিক ক্ষমতাকে তিন ভাগে ভাগ করা যায়, যথা- সামরিক ক্ষমতা, অর্থনৈতিক ক্ষমতা ও জনমত গঠনের ক্ষমতা।

8)জাতীয় স্বার্থ বলতে কি বোঝ?

উঃ জাতীয় স্বার্থ বলতে জাতির সেইসব নূন্যতম লক্ষ্য ও উদ্দেশ্যসমূহকে বোঝায়,যেগুলি পূরণের জন্য রাষ্ট্রসমূহ সিদ্ধান্ত গ্রহণ করে। এর মধ্যে উল্লেখযোগ্য হল জাতীয় নিরাপত্তা,জাতীয় উন্নয়ন ও শান্তি পূর্ণ বিশ্বব্যবস্থার প্রতিষ্ঠা।

9)জাতীয় স্বার্থ রক্ষার কয়েকটি উপায় উল্লেখ করো।

উঃ প্রধানত পাঁচটি উপায় উল্লেখযোগ্য, যথা- কূটনীতি,প্রচার, অর্থনৈতিক সাহায্য ও ঋণদান, জোট গঠন ও বলপ্রয়োগ।

10)এক মেরু বিশ্ব বলতে কি বোঝায়

ঠাণ্ডা যুদ্ধ পরবর্তী বিশ্বের ক্ষমতা এবংশক্তিকার্টামো,দিমেরুकरणের অবসান ঘটায় এবং বিশ্ব রাজনীতি তে একমেরু বিশিষ্ট কার্টামো দেখা যায়। নিশ্চিত ভাবে এই এক মেরু হলো মার্কিন যুক্তরাষ্ট্র।